



গণগ্রন্থাগার অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন টিমের অগ্রগতি
পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : এ, জে, এম, আব্দুল্যাহেল বাকী
পরিচালক (যুগ্ম সচিব)

তারিখ : ২৬-০৭-২০২১ খ্রি:

সময় ও স্থান : দুপুর ৩.০০ টা ও সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট – "ক" দ্রষ্টব্য।


উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতপরঃ বার্ষিক কর্মসম্পাদন বাস্তবায়ন টিমের সদস্য-সচিব, লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান) কে সভার আলোচ্যতব্য বিষয় উপস্থাপনের জন্য আহ্বান জানান। সভার শুরুতে পূর্ববর্তী সভার (১৫-০৭-২০২১) কার্যবিবরণী সঠিক হওয়ায় কোন সংশোধনী ছাড়াই দৃঢ়ীকরণ করা হয়।

পূর্ববর্তী মাসের সিদ্ধান্ত অনুযায়ী অগ্রগতি এবং আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপিত বিষয়াবলীর উপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কৌশলগত উদ্দেশ্যসমূহ	০১. বার্ষিক কর্মসম্পাদন বাস্তবায়ন টিমের সদস্য-সচিব, লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক সভায় নবাগত পরিচালকের উপস্থিতিতে গণগ্রন্থাগার অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কৌশলগত উদ্দেশ্যসমূহের কর্মসম্পাদন সূচকসমূহ যথাক্রমে ক) পাঠক উপস্থিতি (পুরুষ) খ) পাঠক উপস্থিতি (নারী) গ) পাঠক উপস্থিতি (শিশু) ঘ) অনুষ্ঠানের সংখ্যা ঙ) রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীর সংখ্যা চ) চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীর সংখ্যা ছ) পুস্তক সংগ্রহ (রাজস্ব ও উন্নয়ন) জ) জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন ঝ) ওয়ার্কশপ/সেমিনারের সংখ্যা ঞ) প্রশিক্ষণ ট) লার্নিং সেশন ঠ) অনলাইনে পুস্তকের তালিকা ড) ই-বুক সেবা প্রদান ইত্যাদি প্রয়োজনীয় কার্যক্রমের লক্ষ্যমাত্রা এবং পদক্ষেপ গ্রহণের বিষয় বিস্তারিত আলোচনা করেন। সভায় সভাপতি কোভিড -১৯ এর মহামারি কারণে গ্রন্থাগারের পাঠকক্ষ বন্ধ থাকায় পাঠক উপস্থিতি কার্যক্রম ২০২০-২০২১ অর্থবছরে অর্জন হয়নি কিন্তু অবশিষ্ট সকল সূচকের কার্যক্রম বাস্তবায়িত হয়েছে সকলকে অবগত করেন এবং ২০২১-২০২২ অর্থবছরের জন্য সকল বিষয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকল সদস্যকে অনুরোধ জানান।	০১.২০২১-২০২২ অর্থবছরের জন্য সকল বিষয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	এপিএ কমিটির সদস্যগণ।

২.	২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)	টিমের সদস্য-সচিব আরো জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ৫টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ যথাক্রমে ক) শুদ্ধাচার কর্মপরিকল্পনা খ) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা গ) তথ্য অধিকার কর্মপরিকল্পনা ঘ) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা ঙ) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা রয়েছে। ৫টি কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ৪ জন শাখা প্রদান কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে দায়িত্ব দেয়া হয়। কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২১-২০২২ অর্থবছরের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতি সকল সদস্যকে অনুরোধ জানান।	০২. ২০২১- ২০২২ অর্থবছরের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ৫টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	এপিএ কমিটির সদস্যগণ।
০৩.	ই-নথি	সভায় নবাগত পরিচালক ই- নথির অগ্রগতি জানতে চান। সহকারী পরিচালক (প্র: ও হি:) ই- নথির বিষয় সদর দপ্তরের সকল শাখায় এবং মাঠ পর্যায় সকল গ্রন্থাগারে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কর্মসম্পাদনে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ই-নথির উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং বর্তমানে অনেক ক্ষেত্রে বাস্তবায়ন করা হচ্ছে। আরো গতিশীলতা করার জন্য সভায় আলোচনা হয়।	সদর দপ্তরের সকল শাখায় এবং মাঠ পর্যায় সকল গ্রন্থাগারে ই-নথি বাস্তবায়ন করতে হবে।	সহকারী পরিচালক (প্র: ও হি:)

২। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(এ, জে, এম, আব্দুল্যাহেল বাকী)
পরিচালক (যুগ্ম সচিব)
ও সভাপতি
(এপিএ টিমের টিম লিডার)

নং : ৪৩.২৬.০০০০.০০৮.১৬.৮২১.১৮/১১১১ (১৪)

তারিখ: ২.১১/০৭/২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা।
২. পরিচালক(উপসচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৩. পরিচালক, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৪. সহকারী পরিচালক (উন্নয়ন ও আইসিটি), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৫. লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক (পরিসংখ্যান), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৬. লাইব্রেরিয়ান (কারিগরি শাখা), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৭. সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৮. জুনিয়র লাইব্রেরিয়ান(পরিসংখ্যান), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১০. পরিচালক (উ: ও আইসিটি) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১১. পরিচালক (প্র: ও হি) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১২. রিডিং হল এ্যাসিস্টেন্ট (পরিসংখ্যান), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১৩. হিসাব শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১৪. অফিস কপি।


(ফাতেমা খাতুন)
লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক
সদস্যসচিব
ও
এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা